দৈনিক ইনকিলাব

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

15

তারিখ 20 MAR 1989
পৃষ্ঠা 5 কলাম 3

# শিক্ষাঙ্গন

## মিরপুর কলেজের সমস্যা

গত ২৬-১-৮৯ ইং তারিখের দৈনিক ইনকিলাবের শিক্ষাঙ্গন কলামে মিরপুর কলেজের সমস্যা সম্পর্কে যে ক্ষুদে প্রবন্ধটি প্রকাশিত হয়েছে সে ব্যাপারে আমার দৃষ্টি আকৃষ্ট হয়েছে।

প্রবন্ধটিতে মিরপুর কলেজের কিছু সমস্যার কথা তুলে ধরা হয়েছে। কিন্তু এই কলেজের আরো কিছু সমস্যা রয়েছে। যেগুলোর সমাধান করা আশু প্রয়োজন বলে মিরপুরবাসীরা দীর্ঘদিন থেকে তীব্রভাবে অনুভব করে আসছে।

সরকার শিক্ষার বিস্তৃতির জন্য প্রত্যন্ত অঞ্চলের অখ্যাত অনেক কলেজকে সাহায্য সহানুভূতি দিয়েছেন। কিন্তু মহানগরীর মিরপুর কলেজটি সেদিক থেকে খুবই অবহেলিত অবস্থায় পড়ে আছে।

মিরপুর একটি জনবহুল এলাকা। এই এলাকার একপ্রান্তে সীমিত আসনের একমাত্র সরকারী বাংলা কলেজ। এছাড়া মিরপুর থেকে অন্যান্য কলেজগুলো দূরে অবস্থিত হওয়ায় গরীব-নিম্ন-মধ্যবিত্ত পরিবারের ছাত্র-ছাত্রীদের পক্ষে প্রচুর অর্থ ব্যয় করে এবং যানবাহনের অশেষ ক্লেশ ও দুর্ভোগ স্বীকার করে প্রতিদিন দূরের কলেজগুলোতে যাওয়া-আসা করা খুবই কষ্টকর ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। ফলে একদিকে যেমন তাদের মূল্যবান সময় অপচয় হচ্ছে অপরদিকে তেমনি অভিভাবকদের প্রতিনিয়ত সড়ক দুর্ঘটনার কারণে ছেলেমেয়েদেরকে দূরের কলেজে পাঠিয়ে উদ্বেগ আর উৎকণ্ঠার মধ্যে কাটাতে হচ্ছে।

অনেক চেষ্টার ফলে দীর্ঘ এক যুগ পর সরকার মিরপুর কলেজের জন্য মিরপুরের ২নং সেকশনের একটি গুরুত্বপূর্ণ স্থানে ৪ বিঘা জমি দান করেছেন। এ জমির এক পাশে সরকারী প্রাইমারী স্কুল, ন্যাশনাল ব্যাঙলী হাই স্কুল, জাতীয় স্টেডিয়াম এবং রাস্তার অপর পার্শ্বে থানা ও গ্রামীণ ব্যাংকের সুন্দর ইমারত অবস্থিত।

কিন্তু দুঃখের বিষয় এত গুরুত্বপূর্ণ স্থানটি হওয়া সত্ত্বেও কলেজ কর্তৃপক্ষ নতুন স্থানে আর্থিক অসুবিধার কারণে বেড়ারঘর তুলে কোন রকমে কলেজের কাজ চালিয়ে নিতে বাধ্য হচ্ছেন।

এ স্থানে এ ধরনের বেড়ারঘর খুবই বেমামান। বর্তমানে কলেজটি একটি পরিত্যক্ত বাড়ীতে অত্যন্ত অপরিসর স্থানে চলছে।

মিরপুরবাসীরা অধীর আগ্রহ আর আশা নিয়ে দীর্ঘদিন থেকে অপেক্ষা করে আছে— কবে নাগাদ মিরপুর কলেজটি একটি পূর্ণাঙ্গ ডিগ্রি কলেজরূপে প্রতিষ্ঠার জন্য সরকারের সর্বরকম সাহায্য ও সহানুভূতি লাভ করতে সক্ষম হবে।

কলেজ কর্তৃপক্ষ কলেজের নতুন স্থানে কলেজের একটি নিজস্ব বিল্ডিং নির্মাণের জন্য আপ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছেন। কিন্তু আর্থিক অসঙ্গতি তা ব্যর্থ করে দিচ্ছে।

এ এলাকার গরীব ছাত্র-ছাত্রীদের কথা চিন্তা করে এবং তাদের উচ্চ শিক্ষার পথকে সুগম করার লক্ষ্যে মিরপুর কলেজের যাবতীয় সমস্যা সমাধানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আশু পদক্ষেপ নিবেন এ আশা করি।

—সোহরাব হোসেন